শিক্ষার্থীর ধার নেওয়া ডিভাইস ব্যবহারের শর্তাবলী

শিক্ষার্থীর তথ্য

শিক্ষার্থীর নাম:______________________________ NYCID#:____________________

গ্রেড: ______________ স্কুলের DBN:____________________

বাড়ির ঠিকানা:____

সিটি:____________________ স্টেট:________________ জিপ কোড: __________

ফোন নম্বর:________________________

ডিভাইস সংক্রান্ত তথ্য

ইস্যুর তারিখ:__________________________ ডিভাইসের ধরন:______________

অ্যাসেট ট্যাগ:________________________ সিরিয়াল নম্বর:________________

আনুসাঙ্গিক সামগ্রী:____

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এর শিক্ষার্থীদের শিক্ষাগত কারণে ব্যবহারের জন্য একটি ডিভাইস বরাদ্দ করা হতে পারে। যদি ডিভাইস ব্যবহারে যুক্তিসঙ্গত সাবধানতা অবলম্বন করা এবং যত্ন নেয়া হয়, তাহলে ডিভাইসের কোনো ক্ষতি হওয়া উচিত না। 6-12 গ্রেডের প্রতিটি শিক্ষার্থী এবং সকল গ্রেডের শিক্ষার্থীদের পিতামাতা/অভিভাবকদের এই ফর্মটি যত্ন সহকারে পর্যালোচনা করা উচিত, এবং এটার বিষয়বস্তু নিয়ে পিতামাতাদের তাদের শিক্ষার্থীর সাথে আলোচনা করা উচিত।

শিক্ষার্থীদেরকে ইস্যু করা সকল ডিভাইস শিক্ষা অর্জনের জন্য এবং অন্যান্য শিক্ষাগত কাজে ব্যবহার করতে হবে। শিক্ষার্থীরা নিচের পথনির্দেশনা অনুসরণ করবে এবং এই ডিভাইসের সুরক্ষার জন্য সকল বাড়তি সাধারণ-জ্ঞানমূলক সাবধানতা ব্যবহার করবে বলে প্রত্যাশিত। শিক্ষার্থীরা ডিভাইসের যত্ন নেয়ার জন্য দায়বদ্ধ। এই নথি বা ডকুমেন্টে যেসব নীতি বর্ণিত আছে সেগুলি সকল লভ্য টেকনোলজির উদ্দেশ্যে করা হয়েছে, শুধুমাত্র এই নির্দিষ্ট তালিকাভুক্ত ডিভাইসের জন্য নয়।

উপরে উল্লিখিত সরঞ্জাম গ্রহণ করার মাধ্যমে, আমি ______________________________, নিম্নলিখিত বিষয়গুলোতে সম্মতি দিচ্ছি:

যত্ন এবং রক্ষণাবেক্ষণ

- শিক্ষার্থী/পরিবার ডিভাইসটি প্রতিদিন যত্ন নেয়া এবং রক্ষণাবেক্ষণের জন্য দায়বদ্ধ। যেকোনো ক্ষতি অথবা চুরি যাওয়ার ঘটনা অবশ্যই NYCPS-কে এক স্কুল দিবসের মধ্যে জানাতে হবে। যদি কোনো ডিভাইস চুরি যায়, তবে শিক্ষার্থী/পরিবারের দায়িত্ব পুলিশের কাছে একটি রিপোর্ট দায়ের করা এবং পুলিশ রিপোর্টের নম্বরটি স্কুলে প্রদান করা।
- যখন ব্যবহার করা হচ্ছে না তখন ডিভাইসটি একটি নিরাপদ স্থানে রাখুন।
- শিক্ষার্থী/পরিবারদের যেকোনো সমস্যা সাপোর্ট হাব-এ https://supporthub.schools.nyc/ -এ ডিজিটালভাবে অথবা (718) 935-5100 নম্বরে ফোন করে অবহিত করা উচিত। এছাড়াও শিক্ষার্থী/পরিবারেরা সরাসরি স্কুলে সমস্যাটি অবহিত করতে পারেন। ডিভাইসের কোনো অংশ অপসারণ, যোগ অথবা পরিবর্তন করার চেষ্টা করবেন না, এতে অন্তর্ভুক্ত কিবোর্ডের বাটন, মেমোরি, ব্যাটারি, স্ক্রিন, চার্জার, ID লেবেল, ইত্যাদি।
- সবসময় যত্ন সহকারে ডিভাইসটি বহন করবেন। ডিভাইসের উপর কোনো কিছু রাখবেন না।

ব্যবহারের পথ-নির্দেশনা

সাধারণভাবে, সকল শিক্ষার্থী ভালো বিচার-বিবেচনা এবং সাধারণ জ্ঞান ব্যবহার করবে সেটিই প্রত্যাশিত; অনলাইনে নিরাপদ, যথাযথ, যত্নশীল এবং দয়াশীল থাকবে; প্রযুক্তিগত যেসব সুরক্ষা ব্যবস্থা রয়েছে সেগুলো পাঁশ কাটিয়ে যাবার চেষ্টা করবে না; এবং সহায়তার প্রয়োজন হলে কোনো প্রাপ্তবয়স্ককে জিজ্ঞাসা করবে।

শিক্ষার্থীর গ্রহণযোগ্য ব্যবহারের পথ-নির্দেশনা

শিক্ষার্থীদের অবশ্যই:

- শুধু শিক্ষা অর্জনের কর্মকাণ্ডসমূহে ব্যবহারের জন্য ডিভাইসটি ব্যবহার করুন।
- শিক্ষার্থীদের কাছে সশরীরে উপস্থিতির সময় (অফলাইনে) যে ধরনের শ্রদ্ধাশীল, দায়িত্বপূর্ণ আচরণ প্রত্যাশা করা হয়, ঠিক অনুরূপ আচরণ অনলাইনেও অনুসরণ করুন।
- এই ডিভাইসটি যত্নসহকারে ব্যবহার করুন এবং এটি চালাতে কোনো সমস্যা হলে NYCPS হেল্পডেস্ককে 718-935-5100 নম্বরে অবহিত করুন।
- খেয়াল রাখবেন যে, এই ডিভাইসটি নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এর সম্পত্তি এবং সেভাবেই এটার যত্ন নেয়া উচিত। যদি ডিভাইসটি চুরি যায়, তবে অবশ্যই পুলিশে রিপোর্ট করতে হবে।
- শিক্ষার্থীরা যদি অনলাইনে কোনো হুমকিস্বরূপ, অনুপযুক্ত, অথবা ক্ষতিকারক কিছু (যেমন, ছবি, মেসেজ বা বার্তা, পোস্ট) দেখে, সেক্ষেত্রে একজন শিক্ষক অথবা অন্য কোনো স্টাফ সদস্যকে জানাতে হবে।
- শিক্ষার্থী এবং অন্যদের নিরাপত্তা রক্ষায় সাবধানতা অবলম্বন করুন।
- স্কুলের রিসোর্স বা সংস্থানসমূহের সুরক্ষায় সহায়তা করুন।

শিক্ষার্থীরা অবশ্যই বিরত থাকবে:

- স্কুলের মোবাইল (ইন্টারনেট) ফিল্টার পাঁশ কাটিয়ে যাবার চেষ্টা করা।
- ব্যক্তিগত অথবা দৈহিকভাবে ক্ষতিকারক এমন কোনোভাবে এই ডিভাইসটি ব্যবহার করা।
- কোনো অনুপযুক্ত ছবি অথবা বিষয় খোঁজার চেষ্টা করা।
- অন্যদের প্রতি সাইবারবুলিইং, হয়রানি, অথবা অমর্যাদাজনক কোনো আচরণে জড়িত হওয়া। এই ধরনের আচরণের ফলে শৃঙ্খলাবিধানমূলক পদক্ষেপ গ্রহণ এবং সুযোগ-সুবিধা বঞ্চিত করা হতে পারে। কিছু ক্ষেত্রে, সাইবারবুলিইং একটি অপরাধ হতে পারে।
- স্কুলের যে সুরক্ষা ব্যবস্থা এবং ফিল্টারিং টুলগুলো রয়েছে সেগুলো পাঁশ কাটানোর কোনো উপায় খোঁজার চেষ্টা করা।
- স্প্যাম বা চেইন মেইল পাঠাতে স্কুলের টেকনোলজি ব্যবহার করা।
- ক্লাসরুমে যেসব ভাষা ব্যবহার অগ্রহণযোগ্য সেগুলো অনলাইনে ব্যবহার করা।
- বেআইনি কর্মকাণ্ডের জন্য অথবা ওই ধরনের কর্মকাণ্ডের জন্য তথ্য লাভ করতে স্কুলের টেকনোলজি ব্যবহার করা।
- শিক্ষার্থীর ব্যবহারের জন্য নয় এমন কোনো সাইট, সার্ভার, অথবা বিষয় হ্যাক করা অথবা সেগুলিতে প্রবেশের চেষ্টা করা।
- স্কুলের ডিভাইসে কোনো হার্ডওয়্যার অথবা ইনস্টল করা সফট্ওয়্যার পরিবর্তন করা।

ব্যক্তিগত সুরক্ষা এবং গোপনীয়তা

- প্রাপ্তবয়স্কের অনুমতি ব্যতীত ব্যবহারকারীদের কখনও ইন্টারনেটে তাদের ব্যক্তিগত তথ্য শেয়ার করা উচিত নয়, এতে অন্তর্ভুক্ত ফোন নম্বর, ঠিকানা, সোশ্যাল সিকিউরিটি নম্বর, জন্মতারিখ, অথবা আর্থিক তথ্য।
- ব্যবহারকারীদের এটি জানা উচিত যে ইন্টারনেটে যোগাযোগে ঝুঁকি রয়েছে এবং তাদের নিজেদের এবং অন্যদের ব্যক্তিগত তথ্য যত্নসহকারে সংরক্ষণ করা উচিত।
- পিতামাতার অনুমতি ছাড়া ব্যবহারকারীদের অনলাইনে পরিচিত হওয়া কারো সাথে কখনোই সামনাসামনি মিলিত হতে সম্মত হওয়া ঠিক নয়। যদি শিক্ষার্থীরা অনলাইনে কোনো বার্তা (মেসেজ), মন্তব্য (কমেন্ট), ছবি, অথবা অন্য কিছু দেখে যার ফলে তারা তাদের ব্যক্তিগত নিরাপত্তার জন্য উদ্বেগ বোধ করে, তাহলে তাদের অতিসত্বর বিষয়টি কোনো প্রাপ্তবয়স্ককে জানানো উচিত।

দায়বদ্ধতার সীমা

NYCPS কোনো ব্যক্তি, ফাইল, ড্যাটা, অথবা হার্ডওয়্যারের ক্ষতি বা নষ্ট হওয়ার জন্য দায়বদ্ধ থাকবে না। ডিভাইসগুলো ফিল্টারিং এবং অন্যান্য সুরক্ষা ও নিরাপত্তা ব্যবস্থা ব্যবহার করে, কিন্তু এগুলোর কার্যকারিতার কোনো গ্যারান্টি নেই। স্কুল নেটওয়ার্ক ব্যবহার করে কোনো অননুমোদিত লেনদেন করার ব্যাপারে NYC PS আর্থিক বা অন্য কোনোভাবে দায়বদ্ধ নয়।

ডিভাইস ফেরত দান

এই ডিভাইসটি NYCPS-এর সম্পদ এবং এতে একটি অবস্থান নির্ণয়কারী ব্যবস্থা (ট্র্যাকিং সিস্টেম) রয়েছে যা দিয়ে ডিভাইসটি কোথায় আছে তা জানা যাবে। স্কুল ছেড়ে যাওয়ার আগে (গ্র্যাজুয়েশন, অন্য স্কুলে বদলী, কিংবা অন্য কোনো প্রস্থান) স্কুল কর্তৃক ক্রয় করা ডিভাইসগুলো যে স্কুল বরাদ্দ দিয়েছে সেখানে ভালোভাবে কার্যরত অবস্থায় ফেরত দিতে হবে। কেন্দ্রীয় পর্যায়ে ক্রয় করা ডিভাইসগুলো হাই স্কুল থেকে গ্র্যাজুয়েশনের পর অথবা NYCPS থেকে প্রস্থানের সময় ভালোভাবে কার্যরত অবস্থায় ফেরত দেয়া উচিত। আপনার কাছে একটি স্কুল কর্তৃক নাকি কেন্দ্রীয় পর্যায়ে ক্রয় করা ডিভাইস আছে এবিষয়ে আপনি নিশ্চিত না হলে, অনুগ্রহ করে আপনার স্কুলের SPOC-এর সাথে যোগাযোগ করুন।

এই নথি বা ডকুমেন্টে স্বাক্ষর দিয়ে আমি স্বীকার করছি যে উপরে বর্ণিত বিষয়গুলো আমি পড়েছি এবং বুঝেছি।

পিতামাতা স্বাক্ষর (আবশ্যক): ____ তারিখ: ____________

পিতামাতার নাম: ____ তারিখ: ____________

শিক্ষার্থীর স্বাক্ষর (প্রযোজ্য হলে): ____ তারিখ: ____________

শিক্ষার্থীর নাম: ____